## আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (২৮তম ব্যাচ), ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজ (১২তম ব্যাচ) এবং নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রাম (১ম ব্যাচ)-এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তি

### বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ এমবিবিএস কোর্সে অভিন্ন প্রক্রিয়ায় বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত **সরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ** (**AFMC**)-এ এএফএমসি ক্যাডেট, বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েলফেয়ার ট্রাস্ট কর্তৃক পরিচালিত **বেসরকারি ০৫(পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজে** এবং বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রামে বাংলাদেশি নাগরিকদের ক্যাডেট হিসেবে ভর্তি করা হবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা অনুযায়ী **অনলাইনে (http://afmc.teletalk.com.bd)** নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদন করতে হবে।

০১. ক। ২০২৫ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২৩ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান অথবা ২০২৫ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২২ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান অথবা ২০২৪ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২২ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের জিপিএ কমপক্ষে সর্বমোট ৮.৫০ হতে হবে।

খ। প্রার্থীকে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন থাকতে হবে।

গ। শুধুমাত্র পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ গ্রহণযোগ্য হবে। জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষার একটিতে গ্রেড পয়েন্ট ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

**ঘ। শর্ত থাকে যে, এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের মধ্যে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় পাশ হতে হবে। ২০২২ সালের পূর্বে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।**

ঙ। সকলের জন্য এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ না থাকলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না। তবে এককভাবে কোনো পরীক্ষার একটিতে গ্রেড পয়েন্ট ৪.০০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

চ। ০১ জুলাই ২০২৫ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসরের মধ্যে হতে হবে।

০২. **শারীরিক যোগ্যতাঃ**

ক। **এএফএমসিঃ** এএফএমসিতে ভর্তিচ্ছুক প্রার্থীদের জন্য নিম্নলিখিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবেঃ

(১) উচ্চতা - স্বাভাবিক (বয়সের সাথে সামঞ্জস্যপূর্ণ)।

(২) ওজন - Body Mass Index (BMI) অনুযায়ী (+২০ পাউন্ড পর্যন্ত শিথিলযোগ্য)।

(৩) ডোপ টেস্টে নেগেটিভ হতে হবে।

(৪) দৃষ্টি শক্তি - ৬/৬ (চশমাসহ +৩.৫ ডি এবং সিলিন্ড্রিকেল পাওয়ার +১.৫ ডি এর মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে)। **Colour Blindness/** বর্ণান্ধতা অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(৫) Gross Physical Deformity ও দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত প্রার্থীগণ অযোগ্য হিসেবে বিবেচিত হবে। সংশ্লিষ্ট প্রার্থী পূর্বে কোনো মানসিক, সংক্রামক/দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ছিল না মর্মে অভিভাবক কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

**খ। আর্মি মেডিকেল কলেজঃ** ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজের ক্যাডেট প্রার্থীদের মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

০৩. এসএসসি/'ও' লেভেল/সমমান এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের নিম্নলিখিত ভাবে মূল্যায়ন করা হবে (বিএমএন্ডডিসি কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী পরিবর্তনযোগ্য)ঃ

| | | |
|---|---|---|
| এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ০৮ গুন | = ৪০ নম্বর (সর্বোচ্চ) | |
| এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১২ গুন | = ৬০ নম্বর (সর্বোচ্চ) | মোট নম্বর = ২০০ |
| MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা | = ১০০ নম্বর | |

০৪. লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: জীববিজ্ঞান = ৩০, রসায়নবিদ্যা = ২৫, পদার্থবিদ্যা = ১৫, ইংরেজি = ১৫, সাধারণ জ্ঞান, প্রবণতা ও মানবিক গুণাবলী = ১৫ (সিলেবাস ঃ এইচএসসি/সমমান)। পরীক্ষার সময়কাল- ০১ ঘন্টা ১৫ মিনিট।

০৫. লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ৪০ এর কম নম্বর প্রাপ্ত পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবে। উল্লেখ্য, শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

০৬. পূর্ববর্তী বছরের (২০২৪ সালে) এইচএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) প্রাপ্ত নম্বর থেকে ০৩ (তিন) নম্বর কর্তন করা হবে। পূর্ববর্তী বছরের (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট-এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে সর্বমোট (Aggregated) প্রাপ্ত নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে মেধাতালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

০৭. **অনলাইনে আবেদন শুরুর তারিখ: ১২-১১-২০২৫ খ্রি:, বুধবার (সকাল ১০.০০ টা)**

০৮. **অনলাইনে আবেদনের শেষ তারিখ: ২৪-১১-২০২৫ খ্রি:, সোমবার (রাত ১১.৫৯ মি.)**

০৯. **অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ: অনলাইনে আবেদনের সময় হতে পরবর্তী ২৪ ঘন্টা।**

১০. **প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট): ১৪-১২-২০২৫ খ্রি:, রবিবার হতে ১৯-১২-২০২৫ খ্রি:, শুক্রবার পর্যন্ত।**

১১. **ভর্তি পরীক্ষার তারিখ: ১৯-১২-২০২৫ খ্রি: (শুক্রবার, সকাল ১০.০০ টা হতে ১১.১৫ টা পর্যন্ত মোট ০১ ঘন্টা ১৫ মিনিট)**

১২. অনলাইনে আবেদনপত্র/ফরম পূরণ করার সময় ভর্তি সংক্রান্ত নির্দেশাবলী (www.afmc.edu.bd) যথাযথভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফি-এর ১০০০/- (এক হাজার) টাকা শুধুমাত্র Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে (অফেরতযোগ্য)।

১৩. **অনলাইনে আবেদনের ফি জমাদানের পর আবেদনকারী কোনো তথ্য পরিবর্তন বা সংশোধন করতে পারবে না। যে কোনো ধরণের তথ্য সংশোধনের জন্য প্রার্থীকে পুনরায় ফি প্রদান সাপেক্ষে নতুনভাবে আবেদন করতে হবে। সেক্ষেত্রে সর্বশেষ আবেদনপত্রটি চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

১৪. ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি বর্ণিত ওয়েব সাইটে পাওয়া যাবে- অত্র কলেজের ওয়েব ঠিকানা (www.afmc.edu.bd) ও অত্র প্রতিষ্ঠানের ভর্তি সংক্রান্ত সহযোগী প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানায় (http://afmc.teletalk.com.bd) পাওয়া যাবে। জরুরি প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য afmc.amc.admission@gmail.com ঠিকানায় ই-মেইল এবং ০১৭৬৯০১৬৮০৬ ও ০১৭৬৯০১৬৮০৮ এবং আর্মি মেডিকেল কলেজ চট্টগ্রাম- ০১৭৬৯২৪০২২৫, কুমিল্লা-০১৭৬৯৩৩০৫০২ ও ০১৭৬৯৩৩০৫০১, বগুড়া-০১৭৬৯১১৩৫১৪, যশোর-০১৭৬৯৫৫৮৩১০, রংপুর-০১৭৬৯৬৬৫৬৫৯ ও ০১৯২২৮২৮৩০৯, নেভি মেডিকেল কলেজ-০১৭৬৯৭২৪২২০ মোবাইল নম্বরে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।

১৫. O-Level/A-Level পাশ করা প্রার্থীগণকে Directorate General of Medical Education, Mohakhali, Dhaka হতে Equivalence Certificate ও ID নম্বর সংগ্রহ করে আবেদন করতে হবে।

১৬. বেসরকারি আর্মি ও নেভি মেডিকেল কলেজসমূহে 'মেধাবী-অসচ্ছল' কোটায় ৫% শিক্ষার্থী ভর্তি করা হবে।

১৭. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে করা হবে।

১৮. নির্বাচিত প্রার্থীদের কোনো তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমাণিত হলে ভর্তি পরবর্তী যে কোনো পর্যায়ে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৯. ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে 'ভর্তি পরীক্ষা কমিটি' এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**কমান্ড্যান্ট**
**আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ**
**ঢাকা সেনানিবাস**